JHALDA POLICE STATION DIST-PURULIA

W.B. Form No. 27

# FIRST INFORMATION REPORT

466

Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at PS.

1. Dist Purulia Sub Divn Jhalda PS Jhalda Year 2023 FIR No 116/23 Date 27/5/2023
2. i) Act I.P.C. Sections 498A/326/307/494 ii) Act x Sections x
iii) Act x Sections x iv) Other acts & Sections x
3. a) General Diary Reference : Entry No. 1345 Time 14:05 hr.
b) Occurrence of Offence : Day and After her marriage Tuesday Date 28/2/2023 Time 14:00 hr
c) Information received Date 27/5/2023 Time 14:05 hr GD No. 1345 at the P. S.
4. Type of Information : Written/Oral
5. Place of Occurrence : a) Direction and Distance from P.S. Approx 16 K.M. South/West from PS 80 P.O
b) Address At the matrimonial house of the Complainant at Kashidi village PS- Jhalda Dist- Purulia Beat No. Anchal: Mathari Khamar, JL no-105
c) In case outside limit of this Police Station, then the name of P. S. District
6. Complainant / Informant :
a) Name : Urmila Singh Mura
b) Father's / Husband's Name Paran Singh Mura
c) Date / Year of birth d) Nationality Indian
e) Address Vill & P.O- Khamar PS- Jhalda Dist- Purulia.
7. Details of known/suspected/unknown/accused with full particulars
(Attach separate sheet, if necessary) :

1) Sahadeb Singh Mura
S/o - Sufal Singh Mura
Vill- Kashidi, P.O- Khamar, PS-Jhalda, Dist-Purulia

8. Reasons for delay in reporting by the complainant/Informant Not noted
9. Prticulars of properties stolen/involved : (Attach separate sheet, if required): Does not arise
10. Total value of properties stolen/involved : Does not arise
11. Inquest report/U.D. Case no., if any : Does not arise
12. FIR Contents : (Attach separate sheets, if required)

The original written complaint of the complainant which is treated as FIR is attached herewith

13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 498A/326/307/494 of the IPC

registered the case and took up the investigation/directed SI Sajal Kanti Chanda to take up the investigation/transferred to P. S. to investigate the case on point of jurisdiction. FIR read over to the Complainant/Informant, admitted to be correctly recorded and a copy given to the Complainant/Informant free of cost.

উর্মিলা সিং মুড়া

Signature/Thumb impression of the Complainant/Informant

Recorded by me
Gautam Kr Boroi
27/05

Signature of the Officer-in-Charge, Police Station with
(Signature) 27/5/23
Inspector-in-charge
P.S. Jhalda, Purulia

Name: SHIB SANKAR SINGH
Rank: INSPECTOR OF POLICE
Number if any NA

Date – 27/05/2023

To
The Hon'ble I/C Jhalda Police Station Jhalda

Sub :- তিন সন্তান সহ বধুকে গায়ে পেট্রল ঢালিয়া জীবন্ত পোড়াইয়া হত্যার অপচেষ্টা সহ প্রচন্ড শারিরীক মারধর সহ মানসিক নির্যাতন ও নিপিড়নের বিরুদ্ধে অভিযোগ।

Sir,

অভিযোগ কারিনী :- শ্রীমতী উর্মিলা সিং মুড়া, পিতা - শ্রী পরান সিং মুড়া, গ্রাম+পো - খামার, থানা - ঝালিদা, জেলা - পুরুলিয়া, প:ব:

অভিযুক্ত :- শ্রী সহদেব সিং মুড়া, পিতা - শ্রী ~~পরান~~ সুফল সিং মুড়া, গ্রাম :- কাশিডি, পো - খামার, থানা - ঝালদা, জেলা - পুরুলিয়া

Hon'ble Sir,

আমার সবিনয় নিবেদন এই যে আমি ঝালদা থানার মাঠারি খামার গ্রাম পঞ্চায়েতের খামার গ্রামের আদিবাসী সম্প্রদায় ভুক্ত অধিবাসীনি। বিগত ২৮/০৪/২০১১ তারিখে অভিযুক্তের সহিত আমার সামাজিক মতে বিবাহ হয়। ইহার পরই আমার স্বামী আমার উপর প্রচন্ড দৈহিক ও মানসিক নির্যাতন শুরু করে। বিগত ২০/০৬/২০১৬ সালে গর্ভাবস্থায় আমার উপর মদে মত্ত হইয়া প্রতিদিন মারধর ও নির্যাতন করিতে থাকে। অবশেষে অত্যাচার সহ্যের সীমা অতিক্রম করিলে আমি পুলিশ প্রশাসনের আশ্রয় গ্রহন করি। থানার মধ্যস্থতায় ২৮/০৬/২০১৬ তারিখে নির্যাতন, মারপিট বন্ধ করিবার সর্তে মীমাংসা হয়। ইত্যবসরে ১৯/০৯/২০১৬ সালে আমি একটি কন্যা সন্তানের জন্ম দিই। থানায় নির্যাতন বন্ধের প্রতিশ্রুতি দিলেও পূর্বের ন্যায় মারধর ও নির্যাতন করিতেই থাকে। ভবিষ্যতের কথা চিন্তা করিয়া আমি দাঁতে দাঁত চাপিয়া সমস্ত কিছু সহ্য করিয়া সংসার করিতে থাকি। এই অবস্থায় ১৩/১২/২০১৮ সালে আমার দ্বিতীয় কন্যার জন্ম হয়। পর পর দুইটি কন্যা সন্তান জন্ম দেওয়ার অপরাধে অত্যাচারের মাত্রা আরও বৃদ্ধি পায়।

২৩/০৩/২০২১ তারিখে প্রচন্ড মারধর করিয়া বাড়ী হইতে বিতাড়িত করিলে আমি বাপের বাড়ীতে আশ্রয় গ্রহন করিতে বাধ্য হয়। অতপর ০৫/০৬/২০২২ তারিখে গ্রামস্থ পঞ্চায়েতের সালিশীর মাধ্যমে মীমাংসা করিয়া বাবার বাড়ী হইতে আমাকে লইয়া আসে। ইত্যবসরে ০৪/০৪/2022 সালে আমার একটি পুত্রসন্তান জন্মগ্রহন করে। এই সময়ের মধ্যেই অভিযুক্ত আমার স্বামী নিজ রক্তের সম্পর্কিত নিকট আত্মীয়া খুড়তুতো বোন লুচি সিং মুড়ার সাথে অবৈধ সম্পর্কে লিপ্ত হয়। মদ ও পরকিয়াতে উন্মাদ ও উন্মত্ত হইয়া নতুন ভাবে সংসার পাতিবার জন্য মনস্থির করে।

স্বভাবতই তাহার নুতন সংসারের পথের কাঁটা আমি ও আমার তিন সন্তানকে চিরদিনের মতো সরাইবার জন্য বিগত ২৮/০২/২০২৩ তারিখে সময় আনুমানিক বেলা ২টার সময়, গায়ে পেট্রোল ঢালিয়া জীবন্ত দগ্ধ করিয়া মারিবার জন্য আগুন ধরাইয়া দেয়। আমাদের চেঁচামেচিতে পাড়ার লোকজন অতিদ্রুত আগুন নিয়ন্ত্রনে আনিয়া আমাদিগকে সাক্ষাৎ মৃত্যুর হাত হইতে রক্ষা করে। তবু অল্প বিস্তর আমরা চারজনেই আগুনে পুড়িয়া আহত হয়। আমার বড় মেয়ে ৭% দগ্ধ হইয়া ঝালদা ২নং ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ০৮/০২/২০২৩ হইতে ১৮/০২/২০২৩ চিকিৎসাধীন থাকিয়া সুস্থ হইয়া বাড়ী ফিরিয়া আসিয়াছে। আমরাও অল্পবিস্তর পুড়িয়া ছিলাম। এই ঘটনার পর হইতেই আমি বাপের বাড়ীতে আশ্রয় গ্রহন করিয়াছি।

এক্ষনে আমার স্বামী লুচি সিং মুড়া, পিতা - ভুলুরাম সিং মুড়ার সহিত নুতন সংসার পাতিয়াছে। এই পরিস্থিতিতে অভিযুক্তের সাথে আমি আর পুনরায় সংসার করিতে পারিব না। তাই উপার্জন শীল অভিভাবক হীন আমি নাবালক

তিন পুত্র কন্যার ভোরন পোষন লেখা পড়া, অসুখ বিসুখে চিকিৎসা করাইয়া বাঁচাইতে পারিব না।

অতএব মহাশয়ের নিকট বিনীত আবেদন, সরেজমিন তদন্ত পূর্বক আমাকে ও আমার তিন সন্তানকে অনাহার ও বিনা চিকিৎসায় নিশ্চিত মৃত্যুর হাত হইতে রক্ষা করিবার জন্য যথা যোগ্য পরিমানে খোর পোষ ও বসবাসের জন্য জমি বাড়ীর ব্যবস্থা করিয়া বাধিত থাকিবেন।

প্রকাশ থাকে যে আমার এক পুত্র ও দুই কন্যার ভোরন পোষন, লেখাপড়া, চিকিৎসা ও বিবাহাদির জন্য মোট সম্পত্তি কে সমান পাঁচ ভাগে বিভক্ত করিয়া আমাকে চার ভাগ দেওয়ার ব্যবস্থা করিয়া বাধিত করিবেন।

বি: দ্র :- অভিযুক্ত ব্যক্তি এতটাই উদ্ধত ও বেপরোয়া যে থানাকে চারবার ও পঞ্চভদ্রকে বারবার অমান্য করিয়াছে। আগুন লাগানোর ঘটনার ফটোকপি আমাদের আছে।

ইতি
আপনার বিশ্বাসী
ঊর্মিলা সিং মুড়া

বর্তমান ঠিকানা
গ্রাম + পো: - মামার
থানা - ঝালদা
জেলা - পুরুলিয়া
পিন - 723202

8918007987

Received on 22/5/2023 at 14.05 hrs and started Jhalda PS Case no- 116/23 dt 22/5/23 u/s- 498A/326/307/494 of the IPC and endorsed to SI Sajal Kanti Panda for its investigation.

[signature] 22/05/2023

Inspector-in-charge
P.S-Jhalda, Purulia